

## এডওয়ার্ড কলেজে ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায়!

### ■ পাবনা প্রতিনিধি

পাবনা সরকারি এডওয়ার্ড কলেজে অনার্স দ্বিতীয় বর্ষের পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত অর্থ নেয়ার অভিযোগ পাওয়া গেছে। উন্নয়ন ফি, নির্বাচনী পরীক্ষার ফি, টার্ম পেপার, ফি, মৌখিক পরীক্ষার ফিসহ বিভিন্ন খাতে অতিরিক্ত টাকা আদায় করায় ক্ষুব্ধ হয়ে উঠেছে শিক্ষার্থীরা। ফি কমানো না হলে তারা আন্দোলনে নামবে বলে হুমকি দিয়েছে।

শিক্ষার্থীরা জানায়, দেশের অন্যান্য কলেজে অনার্স দ্বিতীয় বর্ষের ফরম পূরণে ৩ হাজার থেকে ৪ হাজার টাকা নেয়া হচ্ছে। কিন্তু পাবনার সরকারি এডওয়ার্ড কলেজের ১৭টি বিভাগের প্রত্যেকটিতে নেয়া হচ্ছে সাড়ে ৬ হাজার থেকে সাড়ে ৭ হাজার টাকা পর্যন্ত। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি'র বাইরে কলেজের বেতন ও শেপন ফি বাবদ নেয়া হচ্ছে ২ হাজার ৩শ', কেন্দ্র ফি ৩শ' ৫০, ব্যবস্থাপনা ফি একশ', সেমিনার ফি একশ', নির্বাচনী পরীক্ষার ফি ৪শ', ইনকোর্স পরীক্ষার ফি ৪শ', মৌখিক পরীক্ষার ফি ২শ', টার্ম

পেপার ফি ২শ', অনলাইন ও ব্যবস্থাপনা ফি একশ' এবং নবীনবরণ ফি ৫০ টাকা। এছাড়া মার্কেটিং ও ফিন্যান্স বিভাগে উন্নয়ন ফি, নামে অতিরিক্ত আরও নেয়া হচ্ছে এক হাজার টাকা, ছোট রশিদ এক হাজার ৫শ' টাকা ও বড় রশিদ বাবদ ২ হাজার ৫শ' টাকা নেয়া হচ্ছে।

শিক্ষার্থীদের দাবি, দীর্ঘদিন ধরে অধ্যক্ষের মদদে শিক্ষকদের একটি সিঙ্কিবেট বিভিন্নভাবে শিক্ষার্থীদের জিম্মি করে টাকা হাতিয়ে নিচ্ছেন।

এ বিষয়ে কলেজের অধ্যক্ষ নাইদ মোঃ শামসুল হুদা বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি ও কলেজের নির্ধারিত ফি এক সাথে নেয়া হচ্ছে। অতিরিক্ত ফি আদায় অভিযোগ সঠিক নয়। তিনি বলেন, শুধুমাত্র ফহিন্যান্স ও মার্কেটিং বিভাগে শিক্ষক না থাকায় অতিথি শিক্ষক দিয়ে ক্লাস নেয়ার জন্য শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত এক হাজার টাকা করে নেয়া হচ্ছে। অন্যান্য বিভাগে বেশি নেয়া হচ্ছে না।